Rs. 2.00

# PRABINBARTA


# প্রবীণবার্তা

MONTHLY


মূল্য ঃ ২ টাকা

মাসিক

Vol : VI Issue :XI,15th February, 2018 মাঘ,১৪২৪,বার্ষিক মূল্য-২০ টাকা RNI NO. WBBEN/2012/ 46375



২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শ্রদ্ধাঞ্জলী



গত ৭ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে অনুষ্ঠিত বনভোজনের অংশগ্রহণকারী প্রবীণারা

## ৭ ফেব্রুয়ারী ২০১৮ বুধবার অনুষ্ঠিত পিকনিক সম্পর্কে রিপোর্ট

৭ ফেব্রুয়ারী ২০১৮ বুধবার সংস্থার পক্ষ থেকে পিকনিকের আয়োজন করা হয়। বানতলা থেকে ভিতরে নলবন মৎস সমবায় সমিতির স্পটে পিকনিক করা হয়। জায়গাটা ভাল। তিন দিকে মাছের ভেড়ী বেষ্টিত এবং গাছপালায় ঢাকা প্রচুর জায়গা। ওখানে সিনেমার শুটিং করার জন্য নানারকম কারুকার্য করা আছে, তাছাড়া বোটিং এর ব্যবস্থা ছিল। আমাদের মধ্যে অনেকে বোটিংএ অংশগ্রহণ করেছেন।

সংস্থার সদস্য, শুভানুধ্যায়ী বাসের স্টাফ, রান্নার লোক জন সহ ৮০জন সদস্য পিকনিকে অংশগ্রহণ করেন। তার মধ্যে ২/৩ ভাগ মহিলা, ৭৫ উর্ধ্ব ২৫/২৬ জন এবং ছোট বাচ্চাও অংশ গ্রহণ করেছেন। অনেকে শারীরিকভাবে অসুস্থ থাকা সত্বেও পিকনিকে অংশগ্রহণ করার জন্য ছিলেন প্রতিজ্ঞ। সকাল ৯টায় বেথুন ইন্সটিটিউটের সম্মুখ থেকে দুইটি বাস ছাড়ে সকাল ১১টার সময় গন্তব্য স্থানে পৌঁছায়। বাসের ভিতরই টিফিনের ব্যবস্থা করা হয়।

তাছাড়া অংশ গ্রহণকারী সদস্যগণ স্বরচিত কবিতা, আবৃত্তি, সঙ্গীত, হাস্য কৌতুক, বিভিন্ন ধরণের খেলার ব্যবস্থা করেন। এ সমস্ত অনুষ্ঠানের আয়োজনের ব্যাপারে শ্রীমতি পুতুল মৈত্র, শ্রী রঞ্জন মৈত্র সহ অন্যান্য অংশগ্রহণকারীগণ সার্বিক সাহায্য করেছেন। অংশগ্রহণকারী সদস্যদের নিকট থেকে মোট - ২২০৫০ টাকা সংগ্রহ করা হয়। তাছাড়া সংস্থার পক্ষ থেকে প্রতি বারের মত এবারও- ৫,০০০ টাকা সাবসিডি প্রদান করা হয়। শ্রী নারায়ণ দাশ এর ব্যবস্থা না করলে এ টাকার মধ্যে পিকনিকের ব্যবস্থা করা সম্ভব হত

না। যাতায়াতের ব্যবস্থা করা সহ পিকনিকের সার্বিক দায়িত্ব পালন করেন শ্রী নারায়ণ দাশ। সমস্ত অনুষ্ঠানটি খুব উপভোগ্য হয়। অংশগ্রহণকারী সকল সদস্য/সদস্যাবৃন্দ সুষ্ঠভাবে আয়োজনের ব্যবস্থা করার জন্য সংস্থার প্রশংসা করেন।

## একটি উজ্জ্বল দিন

গত ২১ জানুয়ারি, রবিবার ডাঃ নর্মান বেথুন ক্লিনিকে আমরা এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করেছিলাম। এই শিবির সাফল্যমন্ডিত করার জন্য প্রথমেই আমাদের পক্ষ থেকে সবাইকে ধন্যবাদ জানাই।

ইতিপূর্বে আমরা কলকাতা মেডিকেল কলেজের ডাঃ প্রফেসর হিমাদ্রী দত্তের এবং ঢাকুরিয়া AMRI হাসপাতালের সহযোগিতায় যথাক্রমে দুটি চক্ষু পরীক্ষা শিবির এবং সাধারণ স্বাস্থ্য পরীক্ষা শিবির পরিচালনা করেছিলাম। দুটি ক্ষেত্রেই রোগীর তুলনায় ডাক্তারদের সংখ্যা কম থাকায় আমরা কিছুটা অসুবিধা উপলব্ধি করেছিলাম। এ বছর আমরা প্রথম থেকেই এই বিষয়ে সচেষ্ট ছিলাম। গত নভেম্বর মাসেই আমরা কলকাতাস্থিত Pepole's Relief Committee-র সাথে যোগাযোগ করি। PRC-র তরফে ডাঃ ফুয়াদ হালিম খুবই আগ্রহ দেখান এবং সমগ্র প্রয়োজনীয় ব্যবস্থা করেন।

উক্ত শিবির পরিচালনার জন্য আমরা বিশেষ তহবিল খুলে সবার কাছে পৃথক দানের জন্য আবেদন করি এবং অভূতপূর্ব সাড়া পাই। যারা আমাদের আর্থিক সাহায্য করেছেন, তাদের প্রত্যেকের নাম নিম্নে প্রদত্ত হল। তাদের ধন্যবাদ জানান বাহুল্য মাত্র।

শিবির পরিচালনার জন্য People's Relief Committee-কে অসংখ্য ধন্যবাদ। PRC-র তরফ থেকে প্রয়োজনীয় ওষুধ এবং বিশিষ্ট ডাক্তারদের পরিষেবার আয়োজন করা হয়েছিল। PRC-সহ যে সমস্ত ডাক্তার এবং টেকনিশিয়ান শিবিরে উপস্থিত ছিলেন প্রত্যেককে আমাদের তরফ থেকে অসংখ্য ধন্যবাদ।

শিবির বেলা ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত স্থায়ী হয়েছিল এবং ৭০জনকে ডাক্তারি পরিষেবা দেওয়া হয়েছিল। এবারের বৈশিষ্ট ছিল সাধারণ স্বাস্থ্য পরীক্ষাসহ অর্থপেডিক, কার্ডিয়োলজি, আকুপাংচার, ও হোমিওপ্যাথি ও গাইনোকলজি-র চিকিৎসা। আমাদের স্বেচ্ছাসেবকেরা প্রত্যেকের উচ্চতা, ওজন এবং প্রেসার পরীক্ষা করেন। ডাঃ পাল প্যাথের তরফ থেকে রক্ত পরীক্ষা করা হয়। ডাক্তারের নির্দেশ মতো যাদের প্রয়োজন প্রত্যেকের ফিজিওথেরাপি করা হয়। আমরা শিবিরে ECG-র ব্যবস্থাও করেছিলাম। উল্লেখ্য সমস্ত পরিষেবা এবং প্রয়োজনীয় ওষুধ আমরা বিনামূল্যে সরবরাহ করি।

আমাদের তরফ থেকে উপরে উল্লেখিত ব্যক্তিগন, সকল স্বেচ্ছাসেবকবৃন্দ এবং অন্যান্য শুভানুধ্যায়ীদের অসংখ্য ধন্যবাদ এবং অভিনন্দন।

গৌতম রায়চৌধুরী (আহ্বায়ক)
স্বাস্থ্য পরীক্ষা শিবির বেথুন ক্লিনিক

যে সমস্ত ডাক্তার এবং টেকনিশিয়ানরা উপস্থিত ছিলেন

**Name of the Doctors - attended the camp on 21.01.2018**

**A) Orthopedic :-**

i) Prof. Dr. Biplab Acharya, MS. Ex Head of the Dept. Orthopeadic NRS Hospital.
ii) Prof. Dr. Utpal Banerjee, MS, NRS Hospital
iii) Dr. Ujjal Kar, MBBS.
iv) Dr. Amal Ghosh, MBBS, DMS (Ortho)

**B) General :-**

i) Dr. Arkamitra Mukherjee, MBBS
ii) Dr. Bandana Roy MBBS DGO (CAL)
iii) Dr. Manjuri Samanta, MBBS
iv) Dr. Bilkish Begam, MBBS.

C) **Homeopathy :-**

i) Dr. Krishnarjun Mukherjee, BHMS

D) **Physiotherapy :-**

i) Dr. Namita Sing, (PM), MPT (MS), MIAP
ii) Sri Arindam Mukherjee, BPT
iii) Sri Bijan Halder, DPT, CPT

iv) Sri Uttam Majumder

**E. Accupuncture :**

i) Sri Hitendra Roy Chowdhury

**F. Pathology :-**

M/S. Dr. Paul Path, 160, Jodhpur Garden, Kolkata - 700 045

## শিবিরের জন্য বিশেষ তহবিলে দাতাদের দান ঃ-

### FREE HEALTH CHECK - UP CAMP

### 21St January - 2018

| Sl. No. | Name | Rs. |
|---|---|---|
| 1. | Dr. Partha Ranjan Dasgupta | 1000/- |
| 2. | LIZARDS SKIN | 1000/- |
| 3. | Prof. Amalendu Chakraborty | 500/- |
| 4. | Goutam Roychowdhury | 500/- |
| 5. | Sikta Das | 500/- |
| 6. | Pelob Mukherjee | 100/- |
| 7. | Bhaskar Bhadury | 200/- |
| 8. | Kalyan Mukherjee | 200/- |
| 9. | Krishna Guha | 200/- |
| 10. | Ratan Karmakar | 200/- |
| 11. | Ranjan Maitra | 200/- |
| 12. | Roma Sanyal | 200/- |
| 13. | Manotosh Das | 100/- |
| 14. | Bhaskar Chandra Chakraborty | 100/- |
| 15. | Balendu Bhushan Sanyal | 100/- |
| 16. | Dipak Dasgupta | 100/- |
| 17. | Dipesh Mitra | 100/- |
| 18. | Gorachand Chakraborty | 100/- |
| 19. | Jahar De | 100/- |
| 20. | Jyotish Bhowmik | 100/- |
| 21. | Swapan Ghsoh | 100/- |
| 22. | Radha Dutta | 100/- |
| 23. | Rama Sanyal | 100/- |
| 24. | Sunil Kumar Sarkar | 100/- |
| 25. | Amitava Karkun | 100/- |
| 26. | Anil Das | 100/- |
| 27. | Sankar Das | 100/- |
| 28. | Anil Roy Chowdhury | 100/- |
| 29. | Joysree Gupta | 50/- |
| 30. | Kamal Sarkar | 50/- |
| 31. | Ujjal Nandi | 50/- |
| 32. | Raghu Nath Roy | 50/- |
| | | **Total : 6,600/-** |

Vol: VI Issue : XI, 15th February. 2018 PRABINBARTA Postal Regd. No.KOL-RMS /449/ 2016-18

## সম্পাদকীয়

প্রিয় সাথী ও বন্ধুগণ আশা করি পরিবার পরিজন সহ কুশলে আছেন। গত ৩০ দিনে আমরা জাতীয় জীবনে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ দিন পেরিয়ে এসেছি। যেমন ২৩শে জানুয়ারী দেশনায়ক নেতাজী সুভাষচন্দ্র বসুর ১২১তম জন্ম দিন। ঐ দিনটি দেশপ্রেম দিবস রূপে পালিত হয়েছে। ২৬শে জানুয়ারী পালিত হলো প্রজাতন্ত্র দিবস। ৩০শে জানুয়ারী জাতির জনক মহাত্মা গান্ধীর মৃত্যু দিবস পালিত হল শহীদদের স্মরণ করে।

গত ১লা ফেব্রুয়ারী কেন্দ্রীয় বাজেট পেশ হয়েছে, অর্থনীতির পন্ডিতদের মধ্যে চলছে পক্ষে ও বিপক্ষে আলোচনা।

আয়করের কিছুটা ছাড় দেওয়া হয়েছে প্রবীণদের জন্য। ২৯শে জানুয়ারী ২০১৮ মুর্শিদাবাদ জেলায় দৌলতাবাদ এবং মুর্শিদাবাদ থানার সংযোগস্থলে ভয়াবহ বাস দুর্ঘটনায় ৪৪জন নিহত হয়েছে। তাদের শোকসন্তপ্ত পরিবারকে সমবেদনা জানাচ্ছি, এবং ২৬শে জানুয়ারী, ২০১৮ সুপ্রিয়াদেবী প্রয়াত হয়েছেন। ওনাকেও আমাদের সশ্রদ্ধ প্রণাম জানাই।

ইতিমধ্যে আমাদের রাজ্য বাজেট পেশ হয়েছে। আশা করছি এই দুই বাজেটের সুফল আমরা আগামী ১ বৎসর ধরে ভোগ করব।

শীতের শেষ। বসন্ত সমাগমে অসুস্থ হয়ে পড়তে পারেন। সাবধানে থাকবেন, প্রয়োজনে আমাদের চিকিৎসা কেন্দ্রের সাহায্য নেবেন।

আসুন সবাই মিলে আনন্দে থাকি।

| | অনুষ্ঠানের তারিখ | আগামী কর্মসূচী | অনুষ্ঠান সূচী |
|---|---|---|---|
| ১। | ২১শে ফেব্রুয়ারী ২০১৮ (বিকেল ৫টা) | আমাদের সহযোগীতায় হৃদমাঝারের উদ্যোগে | ভাষা দিবস |
| ২। | ২৬শে ফেব্রুয়ারী ২০১৮ (সকাল ১১টা) | R.G. Urology & Laparoscopy Hospital এর সহায়তায়। | স্বাস্থ্য পরীক্ষা শিবির |
| ৩। | ২৮শে ফেব্রুয়ারী ২০১৮ (বিকেল ৫টা) | সংস্থার উদ্যোগে | ২১শে ফেব্রুয়ারী ভাষা দিবস স্মরণে |
| ৪। | ১৩ই মার্চ ২০১৮ (বিকেল ৫টা) | ডাঃ নর্মান বেথুনের জন্মদিন ৩রা মার্চ সংস্থার প্রতিষ্ঠা বার্ষিকী দিবস ১৩ই মার্চ | উভয় দিনকে স্মরণ করে |
| ৫। | ২৪শে মার্চ ২০১৮ | বিমল চ্যাটার্জী প্রয়াণ দিবসে ২রা মার্চ ও হরিদাস মালাকার এর প্রয়াণ দিবস ২২শে মার্চ | উভয়ের স্মরণে স্মারক বক্তৃতার আয়োজন |

**(উপরোক্ত সমস্ত অনুষ্ঠানটাই বিমল চ্যাটার্জীর সভাগৃহে অনুষ্ঠিত হবে)**

| ক্রমিক নং | নাম | ঠিকানা | টাকা |
|---|---|---|---|
| | | **পূর্বে প্রকাশিত অনুদান** | ৪,১৬৭২১.০০ |
| ১। | শ্রী সরোজ রঞ্জন চৌধুরী | এফ-২১, কাটজুনগর, কোলকাতা - ৭০০ ০৩২ | ১,০০০.০০ |
| ২। | শ্রী অজিত বর্মণ | ই-৮/১, বাঘাযতীন, কোলকাতা - ৭০০ ০৮৬ | ৬৩০.০০ |
| ৩। | শ্রী এম কে মাহেশ্বরী | ১৬৪/১এ/২, লেক গার্ডেন্স, কোলকাতা - ৭০০ ০৪৫ | ৫০০,০০ |
| ৪। | শ্রী পেলব মুখার্জী | ১৬/এ নেপাল ভট্টাচার্য ১ম লেন, কোলকাতা - ৭০০ ০২৬ | ২০০.০০ |
| | | | মোট ৪,১৯,০৫১.০০ |

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethune Institute of Geriatrics Research & Rehabilitation Centre Ph. : 033 2473 9642, 9674553477 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700 026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700 045, Editor - Sri Dipesh Mitra.
E-mail- bethune.geriatrics@gmail.com.Website : bethunegeriatrics.in